দৈনিক সংবাদ

তারিখ DEC 12 1999
পৃষ্ঠা 2 কলাম 7

# জানুয়ারি থেকে এটিএন স্কুল বিতর্ক প্রতিযোগিতা

স্যাটেলাইট চ্যানেল এটিএন-এ আগামী জানুয়ারি থেকে স্কুলের ছাত্রছাত্রীদের জন্য এটিএন স্কুল বিতর্ক প্রতিযোগিতা শুরু হতে যাচ্ছে। ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সাবেক সভাপতি ও বাংলাদেশ টেলিভিশনের জাতীয় টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতার সাবেক নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণের পরিকল্পনা ও নির্দেশনায় আগামী জানুয়ারি থেকে প্রতিমাসে ২ বার স্কুল বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে আবেদনের ভিত্তিতে বাছাইকৃত ৩০টি স্কুল নিয়ে গঠিত দল প্রতিযোগিতার প্রাথমিক রাউন্ডে অংশগ্রহণ করবে। পর্যায়ক্রমে কোয়ার্টার ফাইনাল ও সেমিফাইনাল প্রতিযোগিতার মাধ্যমে চ্যাম্পিয়ন দল নির্বাচন করা হবে। চ্যাম্পিয়ন দলের জন্য চ্যাম্পিয়নশিপ কাপসহ আকর্ষণীয় পুরস্কার প্রদানের ব্যবস্থা রয়েছে।

স্কুল বিতর্ক প্রতিযোগিতা শুরুর পূর্বে এটিএন-এ দেশের বিতার্কিকদের নিয়ে দুটি প্রীতি বিতর্ক অনুষ্ঠান প্রচার করা হবে। প্রীতি বিতর্কে অংশগ্রহণ করবেন ডঃ মাহবুবা নাসরিন, জিনাত হুদা, রুবাইয়াত ফেরদৌস মুক্তি, শেখ মোহাম্মদ আলী রুমি, হারুন-উর-রশীদ স্বপন, মীর মাশরুর জামান রনি, শামীম রেজা, হযরত খানসহ অন্যরা। সংবাদ বিজ্ঞপ্তি।